# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৪৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৫: দুনিয়াদারি ত্যাগ করার মাহাত্ম্য, দুনিয়া কামানো কম করার প্রতি উৎসাহ প্রদান এবং দারিদ্রের ফযীলত

(55) ـ باب فضل الزهد في الدنيا و الحث على التقلل منها و فضل الفقر

আরবী

وَعَن أَبي ذَرٍّ رضي الله عنه، قَالَ: كُنْتُ أَمْشِي مَعَ النَّبي صلى الله عليه وسلم فِي حَرَّةٍ بِالمَدِينَةِ، فَاسْتَقْبَلَنَا أُحُدٌ، فقال:« يَا أَبَا ذَرٍّ » قُلتُ: لَبَّيْكَ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم . فَقَالَ: «مَا يَسرُّنِي أنَّ عِنْدِي مِثْلَ أُحُدٍ هَذَا ذَهباً تَمْضِي عَلَيَّ ثَلاَثَةُ أيّامٍ وَعِنْدِي مِنْهُ دِينَارٌ، إلاَّ شَيْءٌ أرْصُدُهُ لِدَيْنٍ، إلاَّ أنْ أقُولَ بِهِ في عِبَادِ الله هكَذَا وَهكَذَا وَهكَذَا» عَن يَمِينِهِ وَعَن شِمَالِهِ وَمِنْ خَلْفِهِ، ثُمَّ سَارَ، فَقَالَ: «إنَّ الأَكْثَرِينَ هُمُ الأَقَلُّونَ يَوْمَ القِيَامَةِ إلاَّ مَنْ قَالَ بالمَالِ هكَذَا وَهكَذَا وَهكَذَا » عَن يَمِينِهِ وَعَن شِمَالِهِ ومِنْ خَلْفِهِ «وَقَلِيلٌ مَاهُمْ». ثُمَّ قَالَ لِي: «مَكَانَكَ لاَ تَبْرَحْ حَتَّى آتِيكَ» ثُمَّ انْطَلَقَ في سَوادِ اللَّيْلِ حَتَّى تَوَارَى، فَسَمِعْتُ صَوتاً، قَدِ ارْتَفع، فَتَخَوَّفْتُ أنْ يَكُونَ أحَدٌ عَرَضَ لِلنَّبيِّ صلى الله عليه وسلم، فَأَرَدْتُ أنْ آتِيهِ فَذَكَرتُ قَوْلَه: «لا تَبْرَحْ حَتَّى آتِيَكَ » فَلَم أبْرَحْ حَتَّى أتَانِي، فَقُلْتُ: لَقَدْ سَمِعْتُ صَوتاً تَخَوَّفْتُ مِنْهُ، فَذَكَرْتُ لَهُ، فَقَالَ: «وَهَلْ سَمِعْتَهُ ؟ » قُلتُ: نَعَمْ، قَالَ: «ذَاكَ جِبرِيلُ أتَانِي فَقَالَ: مَنْ مَاتَ مِنْ أُمَّتِكَ لاَ يُشْرِكُ باللهِ شَيْئاً دَخَلَ الْجَنَّةَ »، قلت: وَإنْ زَنَى وَإنْ سَرَقَ ؟ قَالَ:« وَإنْ زَنَى وَإنْ سَرَق ». متفقٌ عَلَيْهِ، وهذا لفظ البخاري

বাংলা

৮/৪৬৯। আবূ যার্র রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি (একবার) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মদ্বীনার কালো পাথুরে যমীনে হাঁটছিলাম। উহুদ পাহাড় আমাদের সামনে পড়ল। তিনি বললেন, ’’হে আবূ যার্র! এতে আমি খুশী নই যে, আমার নিকট এই উহুদ পাহাড় সমান স্বর্ণ থাকবে, এ অবস্থায় তিনদিন অতিবাহিত হবে অথচ তার মধ্য হতে একটি দ্বীনারও আমার কাছে অবশিষ্ট থাকবে। অবশ্য তা থাকবে যা আমি ঋণ আদায়ের জন্য বাকী রাখব অথবা আল্লাহর বান্দাদের মাঝে এইভাবে এইভাবে এইভাবে ডানে, বামে

ও পিছনে খরচ করব।’’

অতঃপর (কিছু আগে) চলে তিনি বললেন, ’’প্রাচুর্যের অধিকারীরাই কিয়ামতের দিন নিঃস্ব হবে। অবশ্য সে নয় যে সম্পদকে (ফোয়ারার মত) এইভাবে এইভাবে এইভাবে ডানে, বামে ও পিছনে ব্যয় করে। কিন্তু এ রকম লোকের সংখ্যা নেহাতই কম।’’

তারপর তিনি আমাকে বললেন, ’’তুমি এখানে বসে থাক, যতক্ষণ না আমি তোমার কাছে (ফিরে) আসছি।’’ এরপর তিনি রাতের অন্ধকারে চলতে লাগলেন, এমনকি শেষ পর্যন্ত তিনি অদৃশ্য হয়ে গেলেন। হঠাৎ আমি এক জোর শব্দ শুনলাম। আমি ভয় পেলাম যে, কোনো শত্রু হয়তো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে পড়েছে।

সুতরাং আমি তাঁর নিকট যাওয়ার ইচ্ছা করলাম, কিন্তু তাঁর কথা আমার স্মরণ হল, ’’তুমি এখানে বসে থাক, যতক্ষণ না আমি তোমার কাছে (ফিরে) এসেছি।’’ সুতরাং আমি তাঁর ফিরে না আসা পর্যন্ত বসে থাকলাম। (তিনি ফিরে এলে) আমি বললাম, ’আমি এক জোর শব্দ শুনলাম, যাতে আমি ভয় পেলাম।’ সুতরাং যা শুনলাম আমি তা তাঁর কাছে উল্লেখ করলাম। তিনি বললেন, ’’তুমি শব্দ শুনেছিলে?’’ আমি বললাম, ’জী হ্যাঁ!’ তিনি বললেন, ’’তিনি জিব্রাঈল ছিলেন। তিনি আমার কাছে এসে বললেন, ’আপনার উম্মতের মধ্যে যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক না করে মরবে, সে জান্নাতে প্রবেশ করবে।’ আমি বললাম, ’যদিও সে ব্যভিচার করে ও চুরি করে তবুও কি?’ তিনি বললেন, ’যদিও সে ব্যভিচার করে ও চুরি করে।’’ (বুখারী ও মুসলিম) [1]

## English

(55) Chapter: Excellence of Leading an Ascetic Life, and Virtues of Simple Life

Abu Dharr (May allah be pleased with him) reported:
I was walking with the Prophet on the stony ground in Al-Madinah in the afternoon when Uhud Mount came into sight. Messenger of Allah (ﷺ) said, "O Abu Dharr!" I said, "O Messenger of Allah, here I am responding to you". He said, "If I had as much gold as the weight of Uhud, it would not please me to have a single dinar out of it with me after the passage of three days, but I would hold back something for the repayment of a debt. I would distribute it among the slaves of Allah like this and like this and like this." And he (ﷺ) pointed in front of him, and on his right side and on his left side. We then walked a little further and he (ﷺ) said: "The rich would be poor on the Day of Resurrection, except he who spent like this and like this and like this,". and he pointed as he did the first time. "But such persons are few". Then he said, "Stay where you are till I come back to you". He (the Prophet (ﷺ)) walked ahead a little further in the darkness of the night and disappeared from my sight. I heard a loud voice. I said (to myself): "The Messenger of Allah might have met (mishap or an enemy)". I wished I could go after him

but I remembered his commanding me to stay till he came back. So I waited for him; and when he came, I made mention of what I had heard. He asked, "Did you hear it?". I said, "Yes". Then he said, "It was Jibril (Gabriel), who came to me and said: 'He who dies among your Ummah without having associated anything with Allah (in worship) will enter Jannah.' I said: 'Even if he committed illicit sexual intercourse or steals?' He (Jibril) said: 'Even if he has committed illicit sexual intercourse or steals".

[Al-Bukhari and Muslim].

Commentary: The last portion of this Hadith means that a Muslim, having firm faith in the Oneness of Allah, will go to Jannah even if he has committed major sins in his life. If Allah wills, he will be sent straight to Jannah, or he will be sent there after suffering punishment in Hell for sometime. Some scholars have associated this Hadith with such persons who make repentance at the time when they are close to death and then they do not get time to do good or bad deeds. Almighty Allah will pardon even their major sins without giving them any punishment.
This Hadith also tells us that it is permissible, rather essential, to reserve some money for the payment of loan because its repayment is far more important than giving (voluntary alms). It also mentions the piety of the Prophet (PBUH) and his passion for spending in the way of Allah.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬২৬৮, ১২৩৭, ২৩৮৮, ৩২২২, ৫৮২৭, ৬৪৪৩, ৬৪৪৪, ৭৪৮৭, মুসলিম ৯৪, তিরমিযী ২৬৪৪, আহমাদ ২০৮৪০, ২০৯০৫, ২০৯১৫, ২০৯৫৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23434

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন